# কবিতা তোমায় নিয়ে

কবিতা আমার শৈশবের প্রথম বালিয়াড়ি
কবিতা - যৌবনের নদী
এলোমেলো হয়ে যায় চুল - ভাঙা চশমায়
ভেসে ওঠে প্রতিবিম্ব যদি।

কবিতা আমার প্রথম প্রেম
তোমার ছুঁয়ে থাকা হাত ... ...
জাগছে কবিতা আমার সাথে
কত না ঘুমোনো রাত।

কবিতা আমার বাঁচার লড়াই
চেতনা এবং যুক্তি,
ভারত ভাগের কষ্ট আর
দেশ স্বাধীনের মুক্তি।

কবিতা আমার নীরব রাত্রি
একাকিনী নিভৃতি,
কবিতা আমার না বলা শব্দ
তোমার প্রতি।

কবিতা উন্মাদিনী নদী
হঠাৎ গতিহারা,
কবিতা আমার আকাশের নীচে
অজানা একটি তারা।

দেবপ্রকাশ বসু

সৃষ্টিসন্ধান

Phone: 98302 43310
email: editor@srishtisandhan.com